

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট  
১৫২/১. এস.ইসলাম পার্ক ভিউ, পার্ক রোড, ছোটরা, কুমিল্লা-৩৫০০  
www.cevccomilla.gov.bd



সাধারণ বিজ্ঞপ্তি

বিষয় : চোরাচালানের অভিযোগে আটককৃত পণ্যের বৈধ মালিক/দাবীদারকে এ দপ্তর বরাবর মালিকানা দাবী করে আবেদন করার অনুরোধ সম্বলিত বিজ্ঞপ্তি

সূত্র : শুল্ক গুদাম, কুমিল্লা এর জি আর নম্বর: ৮৮৬/১৬, তারিখ: ১৮-১২-২০১৬ খ্রিঃ

আটককারী কর্তৃপক্ষ

: সেক্টর সদর, কুমিল্লা এর বিজিবি সদস্যগণ

আটকের স্থান

: সাতঘরিয়া বিশ্বরোড

আটকের তারিখ ও সময়

: ১৩-১২-২০১৬ খ্রিঃ তারিখ আনুমানিক ০৪.৩০ ঘটিকায়।

আটককৃত মালামালের সংক্ষিপ্ত বর্ণনা

: ভারতীয় শাড়ী ৫২০ পিস ও ভারতীয় শাল চাদর ৪৮০টি

আটককৃত মালামাল যে গুদামে জমা নেয়া হয়

: শুল্ক গুদাম কুমিল্লা, তারিখ: ১৮-১২-২০১৬ খ্রিঃ

নাম ও তারিখ

আটককৃত মালামালের কাস্টমস গুদাম কর্মকর্তা

: ১২,৮০,০০০/- (বারো লক্ষ আশি হাজার) টাকা


কর্তৃক নিরূপিত মূল্য

সূত্রীয় জি.আর.ভুক্ত মামলার প্রতিবেদন থেকে জানা যায় যে, উপরোল্লিখিত আটককারী কর্তৃপক্ষ কর্তৃক উপস্থিত লোকজন ও সাক্ষীগণের সামনে চোরাইপথে ভারত থেকে আনিত উপরের উল্লিখিত মালামালের আটক প্রতিবেদন তৈরি করে Section 169 মোতাবেক শুল্ক গুদামে জমা প্রদান করেন। দায়িত্বপ্রাপ্ত গুদাম কর্মকর্তা কর্তৃক আটক পণ্যের মূল্য নিরূপণ করা হয়।

২। আটককারী কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত আটক প্রতিবেদনে বর্ণিত পণ্য শুল্ক গুদামে জমা দেয়ার পর শুল্ক করাদি ফাঁকি দিয়ে অবৈধপথে পণ্য চোরাচালানের মাধ্যমে বাংলাদেশে প্রবেশ করানোর কারণে একটি আটক মামলা দায়ের করে ন্যায়-নির্ণয়নের জন্য বিগত ১২-০১-২০১৭ খ্রিঃ তারিখে আটক প্রতিবেদন এ দপ্তরে প্রেরণ করেন। আলোচ্য ক্ষেত্রে আটককৃত পণ্য শুল্ককরাদি বিহীন অবৈধ রুট দিয়ে অবৈধভাবে দেশে প্রবেশ করছে ফলে The Customs Act, 1969 (IV of 1969) এর Section 2 এর Clause (s) এর আওতায় অপরাধ সংঘটিত হয়েছে। এরূপ কার্যক্রম The Customs Act, 1969 (IV of 1969) এর Section 156(1) এর Table এর Clause 8 ও 9 (i) এর বিধান মোতাবেক দণ্ডনীয় অপরাধ।

৩। উল্লিখিত জি.আর.এ বর্ণিত জন্মকৃত মালামালের কোন বৈধ মালিক/দাবীদার থাকলে আগামী ৭ দিনের মধ্যে যথাযথ প্রমান/দলিলাদিসহ এ দপ্তরে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত তারিখের মধ্যে যথাযথ দলিলাদি প্রমানসহ মালিকানা দাবী করতে ব্যর্থ হলে আর কোন প্রকার নোটিশ ব্যতিরেকে মামলায় বর্ণিত সমুদয় পণ্য আইনানুগ নিষ্পত্তি করা হবে।

আদেশক্রমে

  
২৪/০৪/২০২২

(মোঃ কামরুজ্জামান)

সহকারী কমিশনার (চলতি দায়িত্ব)

কমিশনারের পক্ষে

ফোন: ০৮১-৭৩৬২২

বিতরণ:

১. নোটিশ বোর্ড, সদর দপ্তর, কুমিল্লা (সদর দপ্তরের ওয়ের সাইড আপলোডসহ);
২. নোটিশ বোর্ড, কুমিল্লা বিভাগ, কুমিল্লা;
৩. নোটিশ বোর্ড, শুল্ক গুদাম, কুমিল্লা।

